

কমার্স কলেজ ॥ বাণিজ্য শিক্ষার অনন্য প্রতিষ্ঠান

বাণিজ্য শিক্ষার একটি স্বতন্ত্র ও ব্যতিক্রমী ধারার প্রবর্তক ঢাকা কমার্স কলেজ ১৯৮৯ সালে প্রতিষ্ঠিত। রাজনীতি ও ধূমপানমুক্ত মনোরম শিক্ষা পরিবেশ, নিয়ম-শৃঙ্খলার অনুশীলন, যুগোপযোগী পাঠদান পদ্ধতি এবং বোর্ড ও বিশ্ববিদ্যালয়ের পরীক্ষায় চমকপ্রদ ফলাফলের কারণে ইতোমধ্যে কলেজটি সুবীজন দৃষ্টি আকর্ষণ করতে সক্ষম হয়েছে। জাতীয় শ্রেষ্ঠ স্বীকৃত এ কলেজটির ভৌত অবকাঠামোগত উন্নয়ন কার্যক্রম অবিদ্বাস্যভাবে এগিয়ে চলছে।

ঢাকা কমার্স কলেজের নির্মাণ মহাপরিকল্পনার বিভিন্ন ভবনের মধ্যে উল্লেখযোগ্য হল 'বিশ তলা ভবন'। বাংলাদেশের কোন শিক্ষা প্রতিষ্ঠান ভবনের এরূপ নির্মাণ মহাপরিকল্পনা এখনও গৃহীত হয়নি।

ঢাকা কমার্স কলেজের মাস্টার প্লান মডেল দেখলে মনেই হবে না এটা বাংলাদেশের কোন শিক্ষা প্রতিষ্ঠানের ভবন। এ যেন কোন টু ইন টাওয়ার বা সিয়র্স টাওয়ার! আকাশছোয়া স্বপ্ন নিয়ে শিক্ষার আলোর মশাল হাতে শির উঁচু করে দাঁড়িয়ে আছে রাজধানীর

মারপুরে।

নির্মাণ কার্যক্রম শুরু মাত্র ৮ বছরেই নির্মাণ মহাপরিকল্পনার বিশেষ অর্ধাংশের কাজ সুচারুরূপে সম্পাদিত হয়েছে। কলেজের ১০তলা বিশিষ্ট ১নং একাডেমিক ভবনের নির্মাণ কাজ সমাপ্ত হয়েছে। এ ভবনের প্রতি তলার মেঝের ক্ষেত্রফল ১০ হাজার ৬শ' বর্গফুট। ভবনে দু'টি অত্যাধুনিক লিফট, ৩০ লক্ষ টাকা ব্যয়ে ২টি জেনারেটর ও ১৬ লক্ষ টাকা ব্যয়ে ডিপটিউবওয়েল স্থাপন করা হয়েছে। ফ্লোর ও সিঁড়ি সম্পূর্ণ মোজাইক কৃত ভবনে উন্নত ফিটিংস সামগ্রী দ্বারা সজ্জিত করা হয়েছে।

২০ তলা বিশিষ্ট ২নং একাডেমিক ভবনের ৯ তলা পর্যন্ত নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। এর প্রতি তলার মেঝে ৭ হাজার ৫শ' বর্গফুট। বিবিএ প্রোগ্রাম এখানে চালু রয়েছে। এ ভবনে স্টুডেন্টস ক্যারিয়ার গাইডেন্স সেন্টার ও সেমিনার রুম। প্রস্তাবিত বাংলাদেশ ইউনিভার্সিটি অব বিজনেস এন্ড টেকনোলজী (BUBT)-এর একাডেমিক কার্যক্রম এ ভবনেই চলবে।

□ এস এম আলী আজম